ক্রীড়ায় শ্রেষ্ঠত্ব

Excellence in Sports

বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি)

জিরানী, আশুলিয়া, সাভার

**www.bksp.gov.bd**

**2025** শিক্ষাবর্ষে ভর্তির জন্য চূড়ান্ত নির্বাচিত খেলোয়াড়দের নামের তালিকা

# ক্রীড়া বিভাগ :Karate

বালক - 6 জন

| SL NO | REG. NO | STUDENTS NAME | FATHERS NAME | CLASS | CENTER |
|---|---|---|---|---|---|
| 1 | ADO-2024110164 | ABDULLA AL HASAN | MD. MORTUZA ALI | Seven | Dhaka BKSP (Head Office) |
| 2 | ADO-2024111510 | MD MOMINUL ISLAM FARDIN | MD. ATIQUR RAHMN | Seven | Dhaka BKSP (Head Office) |
| 3 | ADO-2024123336 | TANZIM AHMED DHRUBO | AHMEDUR RAHMAN SUMON | Seven | Dhaka BKSP (Head Office) |
| 4 | ADO-2024125426 | RIJVI RAHMAN | MD. ROBIUL ISLAM | Five | Dhaka BKSP (Head Office) |
| 5 | ADO-2024125910 | NUR ISLAM | MD NUR ALAM RIPON | Seven | Dhaka BKSP (Head Office) |
| 6 | ADO-20241210941 | SOLAMAN HARUNI | MOHAMMAD ALI DOYAL | Six | Dhaka BKSP (Head Office) |

**বিশেষ নির্দেশনাবলী :**

1 ভর্তি সংক্রান্ত নির্দেশিকা অনুসরণ করে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে। ।

Mabud
17/01/25

কর্ণেল মোঃ গোলাম মাবুদ হাসান, পিএসসি
পরিচালক (প্রশিক্ষণ)
বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি)
জিরানী, সাভার, ঢাকা।

বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান
জিরানী, সাভার, ঢাকা।
www.bksp.gov.bd

**২০২৫ শিক্ষাবর্ষে চূড়ান্তভাবে নির্বাচিত শিক্ষার্থীদের বিকেএসপিতে ভর্তি নির্দেশিকা :**

১. চূড়ান্তভাবে নির্বাচিত শিক্ষার্থীদের বিকেএসপিতে ভর্তির জন্য নিম্নলিখিত ধাপগুলো অনুসরণ করতে হবে।

২. **bkspds.gov.bd** ওয়েবসাইটে প্রবেশ করে লগ ইন আইকন থেকে অনলাইন রেজিঃ নং যেমন (ADO-2024#####) ও বিকেএসপি থেকে মোবাইল মেসেজ মাধ্যমে প্রেরিত পাসওয়ার্ড ব্যবহার করে Personal Dashboard এ প্রবেশ করতে হবে এবং Home আইকনে ক্লিক করে Event এবং Game list থেকে নিম্নলিখিত ডকুমেন্ট ডাউনলোড করতে হবেঃ

- i) প্রশিক্ষণার্থী ভর্তি নির্দেশিকা
- ii) প্রশিক্ষণার্থীর ব্যক্তিগত তথ্যাবলী ছক
- iii) অভিভাবকের আয়ের প্রত্যয়ন পত্র ছক
- iv) প্রশিক্ষণার্থীর প্রয়োজনীয় দ্রব্যসামগ্রীর তালিকা (ছেলে/মেয়ে)
- v) বিকেএসপি কর্তৃপক্ষ ও অভিভাবকের মধ্যে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিনামার খসড়া। (মূলকপি চূড়ান্ত ভর্তির দিন বিকেএসপি থেকে সরবরাহ করা হবে)
- vi) ক্রীড়া সামগ্রীর তালিকা (শুধুমাত্র ক্রিকেট বিভাগের জন্য)

৩. **bkspds.gov.bd** ওয়েবসাইটে উপরোক্ত প্রক্রিয়ায় লগ ইন ও অনলাইনে তথ্য প্রদানঃ

- i) Update Profile অপশনে ক্লিক করে Personal Profile ও Family Profile এর তথ্যবলি যথাযথভাবে আপডেট করতে হবে এবং স্ক্যান করে রাখা অনলাইন জন্ম নিবন্ধন ও পূর্ববর্তী স্কুলের ছাড়পত্র, পিতা ও মাতার জাতীয় পরিচয় পত্র এবং ছবি আপলোড করতে হবে।
- ii) Home আইকনে ক্লিক করে Upload অপশন থেকে যথাযথভাবে পূরণকৃত স্ক্যান করে রাখা অভিভাবকের আয়ের প্রত্যয়ন পত্র , প্রশিক্ষণার্থীর ব্যক্তিগত তথ্যাবলী ও রক্তের গ্রুপ ও টিকা প্রদানের ডকুমেন্ট, সপ্তম, অষ্টম ও নবম শ্রেণিতে ভর্তির ক্ষেত্রে বর্তমান অধ্যায়নরত স্কুলের ৬ষ্ঠ শ্রেণিতে শিক্ষা বোর্ডের অধীন সম্পন্নকৃত রেজিস্ট্রেশনের প্রমাণপত্র আপলোড করতে হবে।

৪. লগইনের পর অনলাইনে ভর্তি ফি পরিশোধ ও অনলাইন ভর্তি সম্পন্ন করণঃ

- i) Payment অপশনে ক্লিক করে নির্ধারিত অপশন এর পাশে View > Make Payment > Ekpay > অপশন থেকে পছন্দের অপারেটরের মাধ্যমে অনলাইনে নিম্নোক্ত ফি পরিশোধ করতে হবে। ফি পরিশোধ না করলে অনলাইন ভর্তি সম্পন্ন হবে নাঃ
  - ক) ভর্তি ফি-২০০০/-, জামানত-৫০০০/-, চিকিৎসা ফি -৩০০/-, পরীক্ষা ফি-১৫০/- ম্যাগাজিন ফি-১০০/-, লাইব্রেরি ফি -১০/- বেতন বই-১০/- সহ সর্বমোট ৭৫৭০/- (সাত হাজার পাঁচশত সত্তর) টাকা (জমাদান ফি ব্যতিত)
  - খ) ক্রীড়া ক্ষেত্রে স্পোর্টস ইনজুরি একটি সধারণ বিষয়। ইনজুরি চিকিৎসার জন্য বিকেএসপি শিক্ষার্থীদের ইন্সুরেন্সের আওতায় নিয়ে আসা হয়েছে এবং উক্ত সুবিধা পাওয়ার লক্ষ্যে ভর্তির সময় থেকে বাৎসরিক ইন্সুরেন্স বাবদ ৩৬০০/- টাকা পরিশোধ করতে হবে।
- ii) **Enrollment Request > I agree > Confirm** করে ০১-০২-২০২৫ তারিখের মধ্যে অনলাইন ভর্তি আবেদন সম্পন্ন করতে হবে। (নির্ধারিত তথ্য প্রদান না করলে ভর্তি **Confirm** করা যাবে না।)

৫. i) ১২-০২-২০২৫ তারিখে ক্রিকেট, ফুটবল ও হকি এবং ১৩-০২-২০২৫ তারিখে আর্চারি, এ্যাথলেটিক্স, ব্যাডমিন্টন, বাস্কেটবল, বক্সিং, জিমন্যাস্টিক্স, জুডো, কাবাডি, কারাতে, স্কোয়াশ, শ্যূটিং, সাঁতার, টেবিল টেনিস, টেনিস, তায়কোয়ানডো, ভলিবল, ভারোত্তোলন এবং উশু বিভাগের শিক্ষার্থীরা ওয়েবসাইটে আপলোডকৃত ডকুমেন্টের মূলকপি সহ জিরানী, সাভার, ঢাকায় অভিভাবকগণকে উপস্থিত হয়ে চুক্তিপত্রে স্বাক্ষর ও অন্যান্য কার্যাবলী সম্পন্ন করে ভর্তি নিশ্চিত করতে হবে।

ii) দ্রব্যসামগ্রীর তালিকা অনুসারে পোশাকাদি ও অন্যান্য সামগ্রী সংগে আনতে হবে এবং ঐ দিন থেকেই প্রশিক্ষণার্থী বিকেএসপি হোস্টেলে অবস্থান করবে।

৬. যথাযথভাবে পূরণকৃত ব্যক্তিগত তথ্যাবলী ছক, অভিভাবকের আয়ের প্রত্যয়ন পত্র,জন্ম নিবন্ধন কপি, বিগত স্কুলের বার্ষিক পরীক্ষার মূল নম্বরপত্র ও ছাড়পত্রের মূল কপি, প্রশিক্ষণার্থীর ৪ কপি রঙ্গিন ছবি, পিতা,মাতা ও অভিভাবকের জাতীয় পরিচয়পত্র ও প্রত্যেকের ০২ কপি ছবি ভর্তি কমিটির নিকট জমা দিতে হবে।

৭. প্রয়োজনীয় ক্রীড়া পোশাকাদি ও ক্রীড়া সামগ্রী ক্রয় বাবদ নিম্নে উল্লিখিত নগদ টাকা সংশ্লিষ্ট কোচের নিকট পরিশোধ করতে হবে- ১। আর্চারি- ৩,৯০০/-, ২। এ্যাথলেটিক্স- ১০,০০০/-, ৩। বাস্কেটবল- ৮,০০০/-,৪। বক্সিং- ১০,৩৫০/-, ৫। ক্রিকেট-৭,০০০/-, ৬। ফুটবল- ৪,৮৭০/-, ৭। জিমন্যাস্টিক্স- ৪,৫২০/-, ৮। হকি- ১৮,২৫০/-, ৯। জুডো- ১০,৭৫০/-, ১০। কাবাডি-১৫,৯১০/- ১১। কারাতে- ১৯,১০০/- ১২। শ্যূটিং- ১০,০০০/-, ১৩। স্কোয়াশ- ১৭,০০০/-, ১৪। সাঁতার- ৪,১৫০/-(বালক) ও ৪,৬৫০/- (বালিকা), ১৫। টেবিল টেনিস- ৩,৮০০/- ১৬। তায়কোয়ানডো-২১,৫০০/- ১৭। টেনিস- ৩,৫০০/-, ১৮। ভলিবল-৮,০০০/- ১৯। উশু- ১১,০০০/-(আর্ট) ও ১২,৪৫০/-(ফাইট) ২০। ব্যাডমিন্টন-১২,১০০/- এবং ২১। ভারোত্তোলন- ৬০০০/-। সরবরাহকৃত পোশাক/ক্রীড়া সামগ্রী ব্যতীত অন্যান্য সামগ্রী নিজ ব্যবস্থাপনায় ক্রয় করতে হবে।

৮. শিক্ষার্থীদের ননজুডিশিয়াল স্ট্যাম্প, ২টি বেড শীট ও বালিশের কভার, ১ টি মশারী ও ১টি পুল ওভার বাবদ মোট ২৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা নগদ ভর্তি কমিটিকে প্রদান করতে হবে।

৯. প্রয়োজনে ০১৬৭২০৯৩৩৪৬, ০১৭১৬৬৬২৩৩৮, ০১৪০৬১৫২২৩১ নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

১০. অনলাইনে আপলোডকৃত কাগজপত্র অসত্য ও অসম্পূর্ণ হলে এবং ডাক্তারী পরীক্ষায় অযোগ্যতা/ জটিল কোনো অসুস্থতা/ নির্ধারিত বয়সের চেয়ে বেশী বয়স প্রমাণিত হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ ভর্তি বাতিল বলে গন্য হবে।

আমরা আপনার পুত্র / কন্যা/ পোষ্যের সাফল্য কামনা করছি।

17/01/25

কর্ণেল মোঃ গোলাম মাবুদ হাসান, পিএসসি
পরিচালক (প্রশিক্ষণ)
বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি)
জিরানী, সাভার, ঢাকা।